যুগান্তর

5 APR 2003
২ ... কলাম ... ৭

# ক্যাডার বহির্ভূত কর্মকর্তাদের অপসারণ দাবি করেছে বিসিএস শিক্ষা সমিতি

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার**

শিক্ষা সংশ্লিষ্ট সব পদ থেকে শিক্ষা ক্যাডার বহির্ভূত কর্মকর্তাদের অপসারণের দাবি জানিয়েছে বিসিএস সাধারণ শিক্ষা সমিতি। একই সঙ্গে তারা সম্প্রতি শিক্ষা প্রশাসনে পদোন্নতি দেয়া ৪১ উপ-সচিবের পদায়ন বাতিলের দাবি জানিয়েছেন। গতকাল এক প্রতিবাদ সমাবেশ থেকে নেতৃবৃন্দ বলেন, ১৯৮০ সালে তৎকালীন রাষ্ট্রপতি শহীদ জিয়াউর রহমান দক্ষ প্রশাসন গড়ে তোলার লক্ষ্যে যে ২৯টি ক্যাডার সার্ভিস গঠন করেন তার মধ্যে শিক্ষা প্রশাসন একটি। বর্তমানে এটির বিরুদ্ধে চলছে সুগভীর চক্রান্ত। তারা বলেন, সরকার বর্তমানে যেসব পদক্ষেপ নিয়েছে, তাতে শিক্ষা পেশায় মেধাবীরা আসতে বিমুখ হবে। এ পেশা হয়ে পড়বে মেধাহীন। তারা অবিলম্বে শিক্ষা সংকোচনের সব পদক্ষেপ বাতিলে প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার হস্তক্ষেপ কামনা করেন। সভায় সভাপতি অধ্যাপক কফিল উদ্দিন, মহাসচিব আইকে সেলিম উল্লাহ খোন্দকার, নাসরিন বেগম, মাসুমে রব্বানী খান প্রমুখ বক্তৃতা করেন।

**অনিশ্চিত ভবিষ্যৎ :** ২২তম বিসিএসের লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হয়েও ৫৬৪ জন বেকার যুবক মৌখিক পরীক্ষায় অংশ নিতে পারছেন না। অথচ তারা ইতিমধ্যে মৌখিক পরীক্ষার প্রবেশপত্র পেয়েছেন। জানা গেছে, এই ৫৬৪ জন শিক্ষার্থী ইতিমধ্যে ২২তম বিসিএসের সব কঠিন পরীক্ষায় উত্তীর্ণ হয়েছেন। সবশেষে মনস্তাত্ত্বিক পরীক্ষায় তারা পিএসসির ইস্যুকৃত প্রবেশপত্র না পাওয়ায় অংশগ্রহণ করতে পারেননি। আর এই অপরাধেই তাদের মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে দিচ্ছে না পিএসসি।